

নরসিংদীতে Special Olympics Bangladesh Family Health Forum



গত ২৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে নরসিংদী সদর উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে স্পেশাল অলিম্পিকস্ বাংলাদেশের উদ্যোগে এবং নরসিংদী সাব চ্যাপ্টারের সহায়তায় অনুষ্ঠিত হয় স্পেশাল অলিম্পিকস্ "ফ্যামিলি হেলথ ফোরাম ফোরাম" ও ইয়ং এ্যাথলেট প্রোগ্রাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নরসিংদী সদর উপজেলা নির্বাহী অফিসার আসমা জাহান সরকার ও নরসিংদী জেলা প্রশাসন বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ জসিম উদ্দিন সরকার। ডায়াবেটিস ও পুষ্টি এই দুইটি বিষয়ে বক্তব্য রাখেন ডা. মো. আবু কাউছার সুমন এবং বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান প্রয়াসের পুষ্টিবিদ সুমাইয়া সিরাজী। এসময় উপস্থিত ছিলেন Special Olympics Bangladesh-এর Director ও Lions Club of Dhaka Diligent-এর President ডা. জাফর আহমেদ, Manager (Health) মোফাজ্জল হোসেন, বিভিন্ন পর্যায়ের কো-অর্ডিনেটর, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ। এই Family Health Forum-এর মাধ্যমে পরিবারগুলোর মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা সম্পর্কে জ্ঞান প্রদান এবং শিশুদের জীবনমান উন্নয়নে পরিবারকে আরও সক্রিয়ভাবে সম্পৃক্ত করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয়।

